# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যেই হাদীসের অর্থ বাতিলপন্থীরা বুঝতে না পেরে মুহাদ্দিসগণের উপর আপত্তি করে থাকে

## ذِكْرُ خَبَرٍ قَدْ شنَّع بِهِ بَعْضُ الْمُعَطِّلَةِ عَلَى أَصْحَابِ الْحَدِيثِ حَيْثُ حُرِمُوا التَّوْفِيقَ لِإِدْرَاكِ مَعْنَاهُ

---

আরবী

741 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ حُمَيْدًا قَالَ: سَمِعْتُ أنساً قال: كان رجل يَكْتُبُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ قَدْ قَرَأَ الْبَقَرَةَ وَآلَ عِمْرَانَ عُدَّ فِينَا ذُو شَأْنٍ وَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُمِلُّ عَلَيْهِ {غَفُورًا رَحِيمًا} [النساء: 99] فَيَكْتُبُ: {عَفُوّاً غفوراً} [النساء: 99] فَيَقُولُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اكْتُبْ) وَيُمْلِي عَلَيْهِ {عَلِيمًا حَكِيمًا} [النساء: 11] فَيَكْتُبُ {سَمِيعًا بصيراً} [الإسراء: 1] فَيَقُولُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اكْتُبْ أَيَّهُمَا شِئْتَ) قَالَ: فارتَدَّ عَنِ الْإِسْلَامِ فَلَحِقَ بِالْمُشْرِكِينَ فَقَالَ: أَنَا أَعْلَمُكُمْ بِمُحَمَّدٍ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِنْ كُنْتُ لَأَكْتُبُ مَا شِئْتُ فَمَاتَ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنَّ الْأَرْضَ لَنْ تَقْبَلَهُ) قَالَ: فَقَالَ أَبُو طَلْحَةَ: فَأَتَيْتُ تِلْكَ الْأَرْضَ الَّتِي مَاتَ فِيهَا وَقَدْ عَلِمْتُ أَنَّ الَّذِي قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا قَالَ فَوَجَدْتُهُ مَنْبُوذًا فَقُلْتُ: مَا شَأْنُ هَذَا؟ فقالوا: دفناه فلم تقبله الأرض.

الراوي : أنس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 741 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৭৪১. হুমাইদ রহিমাহুল্লাহ বলেন, আমি আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্য অহী লিখতো, সে সূরা বাকারাহ ও সূরা আল ইমরান পড়েছিল, সে আমাদের মাঝে মর্যাদাবান ব্যক্তি হিসেবে পরিগণিত হয়েছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে লিখাতেন “ক্ষমাশীল, দয়ালূ” সে লিখতো “ক্ষমাশীল, মাফকারী।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলতেন, তুমি লিখ, তাকে লিখাতেন “সর্বজ্ঞানী, প্রজ্ঞাময়” সে লিখতো “সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা”। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেছেন, “তুমি দুটোর যে কোন একটা লিখতে পারো।” রাবী বলেন, অতঃপর সেই ব্যক্তি মুরতাদ হয়ে মুশরিকদের সাথে গিয়ে যুক্ত হয় এবং বলে, “মুহাম্মাদ এর ব্যাপারে আমি তোমাদের মাঝে সবচেয়ে বেশি জানি। আমি আমার ইচ্ছামত (অহী) লিখতাম। অতঃপর সে মারা যায়। তার মৃত্যুর খবর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে পৌঁছলে, তিনি বলেন, “নিশ্চয়ই জমিন তাকে গ্রহণ করবে না!”

আবু তালহা রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু বলেন, “এরপর আমি ঐ এলাকায় আসি, যেখানে সেই লোক মারা গিয়েছে। আর আমি তো জানি যে, রাসূল রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু তার ব্যাপারে কী বলেছেন। অতঃপর আমি তার লাশ নিক্ষিপ্ত অবস্থায় পেলাম। ফলে আমি বললাম, “এই লোকের কী ব্যাপার?” তারা জবাবে বললো, “আমরা তাকে কবরস্থ করেছিলাম, কিন্তু জমিন তাকে গ্রহণ করে নাই!”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১২০; বাইহাকী, ইসবাতু আযাবিল কবর: ৫৪; মুশকিলুল আসার: ৪/২৪০; সহীহ আল বুখারী: ৩৬১৭; সহীহ মুসলিম: ২৭৮১।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীক আলা সহীহিল মাওয়ারিদ: ১২৬৮, ১৫২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুমায়দ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89244

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন